দৈনিক
জনকণ্ঠ

2 JAN 2017
76

# সিলেটে বই উৎসব অনুষ্ঠানে হামলা ভাংচুর

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** নগরীর বন্দর বাজারের দুর্গাকুমার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ উৎসব চলাকালে হামলা ও ভাংচুরের ঘটনা ঘটেছে। রবিবার বেলা পৌনে ২টার দিকে এ হামলা চালানো হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক সেগুফতা কানিজ আক্তার জানান, রবিবার বই উৎসব উপলক্ষে বিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছিলেন শিক্ষক-শিক্ষার্থীরা। নামাজ উপলক্ষে অনুষ্ঠানে বিরতি দেয়া হয়। কিন্তু নামাজের পরপরই মসজিদ থেকে বের হয়ে অর্ধশতাধিক মানুষ বিদ্যালয়ে হামলা চালান। তারা সাংস্কৃতিক অনুষ্ঠানে ব্যবহৃত বাদ্যযন্ত্রসহ চেয়ার-টেবিল ও মঞ্চ ভাংচুর করেন। এতে পণ্ড হয়ে যায় বই উৎসব। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মঞ্জুর আহমদ চৌধুরী জানান, বই উৎসবে প্রধান অতিথি ছিলেন সিলেটের সাবেক মেয়র বদর উদ্দিন আহমদ কামরান। তিনি বই উৎসব উদ্বোধন ও বই বিতরণ শেষে চলে যাওয়ার পর যোহরের আজানের পূর্বেই বন্ধ রাখা হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। পরে নামাজ শেষে আবারও অনুষ্ঠান শুরু হয়। এ সময় বন্দর বাজারস্থ কালেক্টরেট জামে মসজিদ থেকে বেরিয়ে এসে অনুষ্ঠানে হামলা চালান অন্তত ৫০-৬০ জন।